

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং-এইচইডি/প্রশাঃ/ইনোভেশন/২২৪/২০১৫/২২২২

তারিখ : ১৮/১০/২০১৭

বিষয় : স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ইনোভেশন কমিটির ১৮/১০/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

-স্বাক্ষরিত-
(এ.কে.এম আমিনুল ইসলাম)
পরিচালক (উপ-সচিব)
ও
ইনোভেশন অফিসার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

বিতরণ :

কার্যক্রম :

- ১। জনাব মোঃ আলমগীর কবির, নির্বাহী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়।
- ২। জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয়।
- ৩। জনাব মোঃ হামিদুল হক খান, সহকারী প্রকৌশলী/স্টাফ অফিসার, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৪। জনাব আয়েশা মাহেনুর আফরোজ, সহকারী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৫। জনাব মুহম্মদ আসাদুল্লাহ, এপিস্টেমটর (তড়িৎ), এইচইডি, ঢাকা সিটি বিভাগ।
- ৬। জনাব সৈয়দ মোঃ হাবিবুর রহমান, হিসাব রক্ষণ কর্মকর্তা, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৭। জনাব সুলতান মাহমুদ জাকির হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, এইচইডি, প্রধান কার্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : জনাব মোঃ লুৎফর রহমান, উপ- সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪/৫/৬।
- ৪। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প ব্যবস্থাপনা ১/২, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রধান স্থপতি, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এইচইডি, (সকল) বিভাগ।
- ৭। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	:	এ কে এম আমিনুল ইসলাম পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
সভার স্থান	:	সভাকক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
সভার তারিখ ও সময়	:	১৮/১০/২০১৭ খ্রিঃ, সময় : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত করা হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ পর্যায়ে তিনি সভার পটভূমি তুলে ধরেন। অতঃপর তিনি ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয় কে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান। জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ) সভাকে জানান যে, গত ২০/০৯/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় ইনোভেশনের এ্যাকশন আইটেমসমূহ বাস্তবায়নের জন্য নিবিড়ভাবে কাজ করে যাওয়ার গুরুত্ব আরোপ করা হয়। ইনোভেশনের মাধ্যমে বাস্তবায়িত এসএমএস ব্রডকাস্টিং সার্ভিসে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদেরকে অধিদপ্তরের গুরুত্বপূর্ণ বিষয়াদি সম্পর্কে দ্রুত অবহিত করা যাচ্ছে। তাছাড়া তথ্যবহুল এইচইডি'র ডায়নামিক নতুন ওয়েবসাইট খুব শীঘ্রই হোস্টিং করা হবে। নতুন ওয়েবসাইট চালু হলে প্রয়োজনীয় তথ্য যে কেউ সংগ্রহ করতে পারবে।

সভায় আলোচনা করা হয় যে, এইচইডি প্রধান কার্যালয়ে নতুন করে সার্ভার স্থাপন করা যেতে পারে। যার অধীনে ডিজাইন সেকশন সহ অন্যান্য সেকশন সম্পৃক্ত থাকবে। উক্ত সেকশনসমূহের তথ্য ব্যবহারকারীর নির্দেশনা অনুযায়ী সার্ভারে সংরক্ষণ থাকবে। এতে কম্পিউটারের হার্ডডিস্ক নষ্ট হলেও তথ্য হারানোর কোন ঝুঁকি থাকবে না।

২। জনাব আয়েশা মাহেনুর আফরোজ, সহকারী প্রকৌশলী বলেন যে, এইচইডি-তে ই-সার্ভিস চালু করা যেতে পারে। যার ফলশ্রুতিতে ব্যবহারকারীগণ সরাসরি তাদের সমস্যা গুলো প্রধান কার্যালয়ে অবহিত করতে পারবেন এবং তা খুব তাড়াতাড়ি নিষ্পত্তি করা যাবে, এতে করে এইচইডি আরেক ধাপ এগিয়ে যাবে।

৩। সভায় এইচইডিতে বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হলে জনাব মুহম্মদ আসাদুল্লাহ, এপ্লিমেটর (তড়িৎ) সভাকে জানান যে, এইচইডি'র কর্মকর্তা ও কর্মচারীকে বিভিন্ন বিষয়ের উপর পর্যায়ক্রমে প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। এতে করে নতুন নতুন কিছু শিখতে পারবে। যার ফলে নতুন নতুন পরিকল্পনার উদ্ভাবন করতে পারবে।

৪। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

- এইচইডি প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের নিকট থেকে নতুন ইনোভেশন আইডিয়া চাওয়া যেতে পারে।
- শুধু ইনোভেশন কমিটির সদস্য ব্যতিত অন্যান্য কর্মকর্তাদের সমন্বয়ে সভা করা যেতে পারে।
- অনলাইনে লাইসেন্স নবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

-স্বাক্ষরিত-

(এ কে এম আমিনুল ইসলাম)

পরিচালক (উপ-সচিব)

ও

ইনোভেশন অফিসার

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।